



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ অক্টোবর' ২০২৩ খ্রি.

আমিন কলোনীতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত একশত চালুশ পরিবাররকে ত্রাণ দিলেন-মেয়ের

নগরীর পশ্চিম ঘোলশহর ওয়ার্ডস্থ আমিন কলোনীতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেন সিটি মেয়ের বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আজ বুধবার সন্ধ্যায় মেয়ের মো. রেজাউল করিম চৌধুরী স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলীকে সাথে নিয়ে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত আমিন কলোনী পরিদর্শন করেন।

সে সময় মেয়ের বলেন, অগ্নিকাণ্ড একটি দুর্ঘটনা। আমাদের সচেতনতার অভাবে এধরণের দুর্ঘটনা সংগঠিত হয়। আমরা সচেতন হলে এসব দুর্ঘটনা থেকে রেহাই পাওয়া যায়। তিনি ক্ষতিগ্রস্তদের ১শত ৪০ পরিবারের মাঝে ২০ কেজি করে চাউলসহ নিত্য প্রয়োজনীয় অন্যান্য ত্রাণ সামগ্রী বিতরণ করেন এবং ক্ষতিগ্রস্তদের বিপদে হতাশ না হয়ে দৈর্ঘ্য ধরার আহ্বান জানান।

এসময় সিটি মেয়েরের সাথে ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারি এম.ইলিয়াছ সরকার, মেয়েরের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দসহ গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

**চসিকের ভাষ্যমাণ আদালত পরিচালিত
রাস্তায় অবৈধ গাড়ী পার্কিং ও নির্মান সামগ্রী রাখার দায়ে
৬ ব্যক্তিকে ১ লক্ষ টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক এর আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীন ফেরদৌসী এর নেতৃত্বে পরিচালিত অভিযানে নগরীর পাঁচলাইশ, কাতালগঞ্জ, মুরাদপুর থেকে ২নং গেইট পর্যন্ত এশিয়ান হাইওয়ের উভয়পার্শ্বে শতাধিক অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ করা হয়। এই সময় কাতালগঞ্জ ও মুরাদপুর এলাকায় অবৈধভাবে রাস্তায় গাড়ী পার্কিং করে যানজট সৃষ্টি করার দায়ে ৪ ব্যক্তিকে ১০ হাজার এবং কাজীর হাটে খালের জায়গা দখল করে অবৈধভাবে দোকানের অংশ বর্ধিত করায় ১ ব্যক্তিকে ৫০ হাজার টাকাসহ মোট ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়েরের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে কোতোয়ালী থানার রহমতগঞ্জ এলাকায় রাস্তার ওপর নির্মানাধীন ভবনের নির্মানসামগ্রী ফেলে রাস্তার ক্ষতিসাধন করার অপরাধে ২টি ভবন মালিকের বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও পাঁচলাইশ থানা ও কোতোয়ালী থানা পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮